



উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।



"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"

নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলার ডিসেম্বর/২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোহাম্মদ শাহাব উদ্দিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।
তারিখ ও সময় : ২৮-১২-২০২২ খ্রিঃ, বেলা ১১:৩০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হয়। এরপর বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনাপূর্বক সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১। সম্প্রতি উপজেলা পরিষদ সাধারণ সভার সদস্যবৃন্দ বিভিন্ন দাপ্তরিক কাজ থাকায় সভায় তাদের প্রতিনিধি প্রেরণ করেন। ফলে সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণে সমস্যা হচ্ছে। যুক্তিসঙ্গত কারণ ব্যতীত সভায় সকল সদস্যকে উপস্থিত থাকার বিষয়ে আলোচনা করা হয়।	যুক্তিসঙ্গত কারণ ব্যতীত উপজেলা পরিষদের সাধারণ সভার সকল সদস্যকে স্বয়ং উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। সভার হাজিরা রেজিস্টার পর্যালোচনায় দেখা যায় নিম্নবর্ণিত ইউনিয়ন চেয়ারম্যান/কর্মকর্তাগণ এই সভাসহ গত দুই সভায় অনুমতি ব্যতীত অনুপস্থিত ছিলেন। ১) সহকারী পরিচালক (সিপি), কোম্পানীগঞ্জ, নোয়াখালী। ২) সেক্সটেন্ট অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী। ৩) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী। ৪) ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী। পর পর তিন সভায় অনুপস্থিত সদস্যদের বিষয়ে তাদের উর্ধ্বতন কর্তৃপক্ষকে গোচরীভূত করা হবে।	সংশ্লিষ্ট সকল
২। উপজেলা স্বাস্থ্য বিভাগ : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, কোভিড-১৯ এর টিকা ৪র্থ ডোজ প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। প্রাথমিকভাবে ৪র্থ ডোজ গ্রহনকারীর বয়স ৬০ উর্ধ্ব হতে হবে। এছাড়া সকল কার্যক্রম স্বাভাবিক চলমান আছে এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।	কোভিড-১৯ এর টিকা কার্যক্রম এবং বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
৩। উপজেলা কৃষি বিভাগ : উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ক) রবি/২০২২-২৩ মৌসুমে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে সার ও বীজ সরবরাহের কাজ চলমান রয়েছে। খ) কৃষি জমির উপরের অংশের মাটি যাতে কাটা না হয় এ বিষয়ে সকল জনপ্রতিনিধির সহায়তা কামনা করেন। গ) অনাবাদি পতিত জমি চাষাবাদের আয়তায় আনার জন্য ইউপি চেয়ারম্যানসহ সকল জনপ্রতিনিধিকে সচেতন করেন। ঘ) এছাড়া উপজেলা কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে জানান।	প্রকৃত কৃষকদের মাঝে বিনামূল্যে সার ও বীজ সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) উপজেলা কৃষি অফিসার। খ) সকল ইউপি চেয়ারম্যান
৪। উপজেলা প্রাণি সম্পদ বিভাগ : উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, ক) প্রাণি সম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় প্রডিউসার প্রফের ৩৪৫ জন খামারীদের মাঝে ট্রেনিং সম্পন্ন হয়। খ) NATP-2 প্রকল্পের আওতায় টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে ৭২০ জন সিআইজি সমবায় সমিতির খামারীদের মাঝে।	NATP-2 প্রকল্পের আওতায় যাবতীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা।
৫। দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
৬। পরিবার পরিকল্পনা বিভাগ : উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা	বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম	উপজেলা পঃপঃ কর্মকর্তা

সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	
৭। উপজেলা সমাজসেবা বিভাগ : উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তাদের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমাজ সেবা কর্মকর্তা
৮। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ : উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ
৯। মৎস্য বিভাগ : উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) উপজেলা মৎস্য কর্মকর্তা
১০। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ : উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কোম্পানীগঞ্জ
১১। পল্লী উন্নয়ন বিভাগ : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পর পর ৩টি সভায় উপস্থিত না থাকায় তার বিষয়ে উর্দতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,
১২। মহিলা বিষয়ক অধিদপ্তর : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ক) ভিডিরিউবি কার্যক্রমের উপজেলা পর্যায়ের কমিটির পক্ষ হতে ছক-৩ চূড়ান্ত তালিকা ও ১০% অপেক্ষমান তালিকা প্রস্তুতকরণ সম্পন্ন হয়েছে। খ) চূড়ান্ত তালিকা উপজেলা উপজেলা মহিলা বিষয়ক অফিস হতে সংগ্রহ করে সকল ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে টাঙানোর জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। গ) চূড়ান্ত তালিকাভুক্ত উপকারভোগীদের উপজেলা মহিলা বিষয়ক অফিস হতে কার্ড সংগ্রহের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন।	বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
১৩। সমবায় বিভাগ : উপজেলা সমবায় কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমবায় কর্মকর্তা
১৪। উপজেলা যুব উন্নয়ন বিভাগ : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় শেখ রাসেল ভলেন্টারি এওয়ার্ড এর বিষয়ে প্রাচারের জন্য ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে জানান।	শেখ রাসেল ভলেন্টারি এওয়ার্ড এর বিষয়ে প্রাচারের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ
১৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ : উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ২৭/১২/২০২২ খ্রি: তারিখ পর্যন্ত অত্র উপজেলায় ২০২৩ শিক্ষাবর্ষের জন্য মাধ্যমিক বিদ্যালয়ের (৬ষ্ঠ-৯ম শ্রেণী) মাদ্রাসার (১ম-৫ম) এবতেদায়ী ও দাখিল (৬ষ্ঠ-৯ম) শ্রেণীর জন্য সরকারিভাবে বিনামূল্যে সরবরাহকৃত পাঠ্যপুস্তক ৫৩.১১% প্রাপ্ত হয়েছে। প্রাপ্ত পাঠ্যপুস্তক সমূহ শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রেরণ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ
১৬। বন বিভাগ : রেঞ্জ অফিসার সভায় উপস্থিত জানান, ২০২১-২২ অর্থ বছরে ০২নং চরপার্শ্বী ইউনিয়নে চর বনায়ন প্রকল্পের ৭ কি:মি: স্ট্রীপ বাগান সৃজন করা হয় এবং ৩৫ জন উপকারভোগী নির্বাচন করা হয়। উপজেলা পরিষদ প্রাপ্তনে ঝড়ে কিছু গাছ উপড়ে পড়ে যায়। উক্ত গাছগুলি নিলামে বিক্রয় করা প্রয়োজন।	বিধি মোতাবেক এ সংক্রান্ত বিষয় কমিটিতে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	রেঞ্জ অফিসার, কোম্পানীগঞ্জ রেঞ্জ
১৭। পরিসংখ্যান বিভাগ : উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিসংখ্যান অফিসার, কোম্পানীগঞ্জ
১৮। সহকারী প্রোগ্রামার : উপজেলা সহকারী প্রোগ্রামার প্রশিক্ষণে থাকায় সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রোগ্রামার
১৯। উপজেলা খাদ্য অফিস : উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, চলতি অভ্যন্তরীণ আমান সংগ্রহ ২০২২-২৩ মৌসুমে অত্র কোম্পানীগঞ্জ উপ জেরায় ১১২৭,০০০ মেট্রিক টন ধান ও ৫৬০,০০০ মেট্রিক টন চরঅ সংগ্রহের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে। এ বছর ধানের সংগ্রহ মূল্য ২৮/- টাকা কেজি এবং আমান চালের সংগ্রহমূল্য ৪২/- টাকা নির্ধারণ করা হয়েছে। ধান "কৃষকের অ্যাপস" এ নিবন্ধিত প্রকৃত কৃষকের কাছ থেকে এবং চাল খাদ্য বিভাগের লাইসেন্সধারী চালকল মালিক বা মিলার এর কাছ থেকে সংগ্রহ করতে হবে। এ সংগ্রহের সময়সীমা আগামী ২৮শে	সরকারি বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

ফেব্রুয়ারী/২০২৩খ্রি তারিখ পর্যন্ত নির্ধারিত আছে। অত্র উপজেলায় ০৩টি লাইসেন্সধারী চালকল আছে, যার মধ্যে গত ০৮/১২/২০২২ খ্রি : তারিখে ২টি চালকল মালিক জেলায় জেলা খাদ্য নিয়ন্ত্রকের সাথে চাল সরবরাহের জন্য চুক্তিপত্র সম্পাদন করেন। নির্ধারিত সময়ের মধ্যে চাল ও ধান সংগ্রহ করা সম্ভব হবে বলে জানান।		
২০। শিক্ষা প্রকৌশল বিভাগ : উপসহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপসহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
২১। আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) : আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ)
২২। ডিজিএম (পল্লী বিদ্যুৎ) : ডিজিএম (পল্লী বিদ্যুৎ) সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	ডিজিএম (পল্লী বিদ্যুৎ), কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
২৩। তথ্য কেন্দ্র : তথ্য সেবা কর্মকর্তা (তথ্য কেন্দ্র) সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	তথ্য সেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
২৪। সেটেলমেন্ট বিভাগ : সহকারী সেটেলমেন্ট অফিসার সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	
২৫। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ক) সরকারি কাজের স্বার্থে উপজেলা পরিষদের নতুন সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুমে নিম্ন বর্ণিত কাজ গুলো বাস্তবায়নের লক্ষ্যে প্রশাসনিক অনুমোদনের জন্য =৩৯,৯৫,৮১১.০০ টাকার প্রাক্কলন অত্র দপ্তরের স্মারক নং-১৮৭০, তারিখঃ ২২-১১-২০২২ খ্রিঃ এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগের, উপজেলা-২ শাখায় প্রেরণ করা হয়। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের, স্থানীয় সরকার বিভাগের, উপজেলা-২ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.১৮.০০৬.২০-৮৪০, তারিখঃ ২০ ডিসেম্বর ২০২২ খ্রিঃ এর মাধ্যমে প্রশাসনিক অনুমোদনের বিষয়টি বিবেচনার সুবিধার্থে কোন খাতে কত টাকা ব্যয় করা হবে তা পরীক্ষা/যাচাই করে উপজেলা মাসিক সভার কার্যবিবরণীতে উল্লেখ পূর্বক পৃথক পৃথক প্রাক্কলনসহ পুনঃপ্রস্তাব প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন। সে মোতাবেক সভায় উপস্থাপন করা হয়।	ক) সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি কাজের স্বার্থে উপজেলা পরিষদের নতুন সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম এর নিম্ন বর্ণিত কাজ গুলো বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের, স্থানীয় সরকার বিভাগের, উপজেলা-২ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.১৮.০০৬.২০-৮৪০, তারিখঃ ২০ ডিসেম্বর ২০২২ খ্রিঃ নির্দেশনা অনুসারে প্রাক্কলনটি পরীক্ষা/যাচাই করে প্রশাসনিক অনুমোদনের সুবিধার্থে আসবাবপত্রের জন্য কত টাকা এবং অন্যান্য খাতে কত টাকার প্রয়োজন তাহার পৃথক পৃথক প্রাক্কলনসহ পুনঃ প্রস্তাব সুপারিশসহ স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ খ) উপজেলা নির্বাহী অফিসার গ) উপজেলা প্রকৌশলী ঘ) উপজেলা ডেপুটি কমিশনার
খ) "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প(UGDP)" -এর ৫ম পর্যায় (২০২০-২০২১) অবকাঠামো উন্নয়ন বাবদ বরাদ্দকৃত ৫০,০০,০০০/= (পঞ্চাশ লাখ) টাকার (ট্যাক্স ও ভ্যাট ব্যতীত) বিপরীতে (০৩) টি অবকাঠামো (Infrastructure) উপ-প্রকল্পের নম্বর: INF - ২০২০-২১-২০৭৫২১-০১ হতে ০৩ মধ্যে ০১, ০২ ও ০৩ উপ-প্রকল্পগুলো ঠিকাদারের নির্মাণ কাজ যথাযথ ভাবে সম্পন্ন করেছে, এমতাবস্থায় বর্ণিত উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য ঠিকাদার প্রতিষ্ঠানকে চূড়ান্ত কাজের বিল প্রদানের নিমিত্তে প্রকল্প ব্যবস্থাপনা অফিস থেকে অর্থছাড়ের জন্য উপজেলা পরিষদের অনুমোদন প্রয়োজন।	খ) "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প(UGDP)" -এর ৫ম পর্যায় (২০২০-২০২১) অবকাঠামো উন্নয়ন বাবদ বরাদ্দকৃত ৫০,০০,০০০/= (পঞ্চাশ লাখ) টাকার (ট্যাক্স ও ভ্যাট ব্যতীত) বিপরীতে (০৩) টি অবকাঠামো (Infrastructure) উপ-প্রকল্পের নম্বর: INF - ২০২০-২১-২০৭৫২১-০১ হতে ০৩ মধ্যে ০১, ০২ ও ০৩ উপ-প্রকল্পগুলো ঠিকাদারের নির্মাণ কাজ যথাযথ ভাবে সম্পন্ন করেছে, এমতাবস্থায় বর্ণিত উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য ঠিকাদার প্রতিষ্ঠানকে চূড়ান্ত কাজের বিল প্রদানের নিমিত্তে প্রকল্প ব্যবস্থাপনা অফিস থেকে অর্থছাড়ের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	
২৬। চেয়ারম্যান, ০৩নং চরহাজারী ইউপি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, তার ইউনিয়নে ৩টি রাস্তার সংস্কারের কাজ চলমান রয়েছে, বাকী রাস্তাগুলোর অবস্থা খারাপ। চরহাজারী ইউনিয়নে ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডে কোন ডিপ টিউবওয়েল নেই তাই কৃষি কাজে সমস্যা হচ্ছে। পূর্ব চরহাজারীতে ১৮০০০ মানুষের বসবাস কিন্তু কোন কমিউনিটি ক্লিনিক নেই এবং জৈতুন নাহার কাদের মহিলা কলেজের সামনে ড্রেন তৈরির কথা বলেন।	সংশ্লিষ্ট বিভাগ সমূহকে উক্ত সমস্যাগুলো সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল
২৭। চেয়ারম্যান, ০৫নং চরফকিরা ইউপি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, বর্ষা মৌসুমে চরফকিরা ইউনিয়নের ৫, ৬, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড প্রাচীন থেকে রক্ষার জন্য বেড়িবাঁধ প্রয়োজন। চরফকিরাতে অবস্থিত পারিবারিক স্বাস্থ্য ক্লিনিকটিকে নরমাল ডেলিভারি কেন্দ্র করতে তিনি সাহায্য করবেন।	বেড়িবাঁধ করার জন্য পানিউন্নয়ন বোর্ডে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং নরমাল ডেলিভারি কেন্দ্র করতে পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে পত্র প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ খ) উপজেলা নির্বাহী অফিসার গ) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
২৮। চেয়ারম্যান, ০৭নং মুছাপুর ইউপি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, বাংলাবাজার থেকে চৌধুরী বাজার পর্যন্ত রাস্তার সংস্কারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, নোয়াখালীকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	বাংলাবাজার থেকে চৌধুরী বাজার পর্যন্ত রাস্তার সংস্কারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, নোয়াখালীকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ খ) উপজেলা নির্বাহী অফিসার গ) উপজেলা প্রকৌশলী

২৯। উপজেলা পরিষদ বিবিধ : (ক) উপজেলা পরিষদের ক্যাম্পাসে সরকারি বিভিন্ন দপ্তর রয়েছে এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনসহ কর্মকর্তা/কর্মচারীদের আবাসিক ভবন ও ডরমেটরি রয়েছে। এ উপজেলায় সরকারি দপ্তরসমূহে পর্যাপ্ত নিরাপত্তা কর্মী না থাকায় উপজেলা পরিষদের ক্যাম্পাসের সরকারি দপ্তরসমূহ ও আবাসিক এলাকা নিরাপত্তা ঝুঁকিতে রয়েছে। উপজেলা পরিষদের ক্যাম্পাসের সরকারি দপ্তরসমূহ ও আবাসিক এলাকার নিরাপত্তা নিশ্চিত করার জন্য উপজেলা পরিষদের নিজস্ব অর্থায়নে একজন নিরাপত্তা কর্মী নিয়োগের বিষয়ে আলোচনা করা হয়। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ০৩(ম) নং অনুচ্ছেদে এই খাতে প্রতি অর্থবছরে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করার বিধান রয়েছে। এ অর্থ দিয়ে আনসার সদস্য নিয়োগ করা সম্ভব নয় বিধায় স্থানীয়ভাবে একজন নিরাপত্তা কর্মী নিয়োগের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। (খ) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের বিদ্যুৎ বিল, সুইপার ও মালির মজুরী, পত্রিকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়। (ঘ) উপজেলা হাট বাজার ব্যবস্থাপনা কমিটিতে গণ্যমান্য ব্যক্তি কাটাগরিতে জনাব মো: ইউনুছ, সাধারণ সম্পাদক, উপজেলা ক্রীড়া সংস্থা, নোয়াখালীকে এবং বাজার ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিব কাটাগরিতে জনাব মো: রাজিব খান, সদস্য সচিব, গাংচিল বাজার কমিটি এবং জনাব আলা উদ্দিন ভূঁইয়া, সদস্য সচিব, চৌধুরীহাট বাজার ব্যবস্থাপনা কমিটিকে উপজেলা হাট বাজার ব্যবস্থাপনা কমিটির সদস্য হিসেবে মনোনয়নের আলোচনা করা হয়। (ঙ) ১৪২৫ হতে ১৪২৯ বাংলা সনের ইজারাকৃত হাটবাজার সমূহের ইজারা মূল্যের ১০% ও ১৫% অর্থ বিধি মোতাবেক ইউনিয়ন সমূহের মধ্যে বিতরণের জন্য আলোচনা করা হয়।	(ক) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে দৈনিক ২৭৩/- টাকা মজুরির ভিত্তিতে স্থানীয়ভাবে একজন নিরাপত্তা কর্মী নিয়োগের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদ্যুৎ বিল, সুইপার ও মালির মজুরী, পত্রিকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। (ঘ) উপজেলা হাট বাজার ব্যবস্থাপনা কমিটিতে গণ্যমান্য ব্যক্তি কাটাগরিতে জনাব মো: ইউনুছ, সাধারণ সম্পাদক, উপজেলা ক্রীড়া সংস্থা, নোয়াখালীকে এবং বাজার ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিব কাটাগরিতে জনাব মো: রাজিব খান, সদস্য সচিব, গাংচিল বাজার কমিটি এবং জনাব আলা উদ্দিন ভূঁইয়া, সদস্য সচিব, চৌধুরীহাট বাজার ব্যবস্থাপনা কমিটিকে উপজেলা হাট বাজার ব্যবস্থাপনা কমিটির সদস্য হিসেবে সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। (ঙ) ১৪২৫ হতে ১৪২৯ বাংলা সনের ইজারাকৃত হাটবাজার সমূহের ইজারা মূল্যের ১০% ও ১৫% অর্থ বিধি মোতাবেক ইউনিয়ন সমূহের মধ্যে বিতরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ গ) উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ
---	--	--

কোম্পানীগঞ্জ উপজেলার শান্তি ও সমৃদ্ধির জন্য সবাইকে একসাথে কাজ করার আহবান জানানো হয়। ইউনিয়ন পরিষদের সকল চেয়ারম্যানকে উপজেলা আইন শৃঙ্খলা কমিটি ও উপজেলা পরিষদ সাধারণ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাঃ
(মোহাম্মদ শাহাব উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

তারিখ : ০৩ জানুয়ারি ২০২৩

স্মারক নম্বর : ০৫.৪২.৭৫২১.০০০.০৬.০০১.২২- ৫৫

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

- ০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ০৫। জেলা প্রশাসক, নোয়াখালী।
- ০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী।
- ০৭। উপজেলা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
- ০৮। চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

৩/১/২৩

মো: মেজবা উল আলম ভূঁইয়া
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
ফোন : ০২৩৩৪৪৯৪২০৪

E-mail: upazilamanager@upazila.gov.bd